

৭

### ক্রিকেট খেলা নিয়ে ছাত্র সংঘর্ষ : শিক্ষক লাঞ্ছিত

।। স্টাফ রিপোর্টার ।।

ক্রিকেট খেলাকে কেন্দ্র করে গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা ও হিসাব বিভাগের ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়েছে। খেলার মাঠে সংঘর্ষকালে একজন শিক্ষককে লাঞ্ছিত ও একজন শিক্ষকের গাড়ীতে অগ্নিসংযোগ করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়/আন্তঃবিভাগ ক্রিকেটের গতকাল ফাইনাল খেলায় ব্যবস্থাপনা বিভাগ এক রানে জয়ী হয়। কিন্তু খেলায় একজনের রান আউট হওয়া নিয়ে বিতর্ক ছিল এবং খেলা শেষে পরাজিত হিসাব বিভাগের খেলোয়াড় সমর্থকরা আম্পায়ারের ওপর হামলা চালায় এবং দু'পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। তাদের মধ্যে ইট

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

### ক্রিকেট খেলা নিয়ে

প্রথম পৃষ্ঠায় পর

নিষ্ফল ধাওয়া-পান্টা ধাওয়া চলে। এ সময় ৫/৬ জন আহত হয়। এদের মধ্যে কুতুব (২২) ও মোহাম্মদ হোসেন (২৮) আহত অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা নিয়েছে।

এদিকে সংঘর্ষকালে বিক্ষুব্ধ একদল যুবক বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক আব্দুল মমিন চৌধুরীর গাড়ীতে অগ্নিসংযোগ করে। ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক সেলিম ভূইয়া এ সময় লাঞ্ছিত হন। প্রায় আধ ঘন্টা সংঘর্ষ চলার পরে পুলিশ এলে পরিস্থিতি শান্ত হয়।